52

তারিখ 03 AUG 1995
পৃষ্ঠা 7 কলাম 7

আজকের কাগজ

## যশোর বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ

# সম্মিলিত পাসের হার ৭০ দশমিক ৭৪

কাগজ প্রতিবেদক ঃ যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। পরীক্ষায় সম্মিলিত পাসের হার ৭০ দশমিক ৭৪। বিজ্ঞান বিভাগে পাসের হার ৮৯ দশমিক ৮০। সমাজ বিজ্ঞান বিভাগে পাসের হার ৬৬ দশমিক ৪৬। সম্মিলিত পাসের হার ছাত্রদের ক্ষেত্রে ৭২ দশমিক ০৩। ছাত্রীদের ক্ষেত্রে ৬৮ দশমিক ৬৯। মোট ১ লাখ ৪২ হাজার ৩ শ' ৬৭ জন অংশগ্রহণকারী পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ ৭ শ' ১১ জন উত্তীর্ণ হয়েছে। অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ছাত্র ৮৭ হাজার ৫ শ' ৩০ জন ও ছাত্রী ৫৪ হাজার ৮ শ' ৩৭ জন। পরীক্ষার্থীদের মধ্যে ১ লাখ ২৯ হাজার ৬ শ' ৯০ জন নিয়মিত এবং ১২ হাজার ৬ শ' ৭৭ জন অনিয়মিত হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করেছে। সম্মিলিতভাবে মোট পরীক্ষার্থীদের ৪৭ দশমিক ৮৯ শতাংশ প্রথম বিভাগে, ৫০ দশমিক ৫৫ শতাংশ দ্বিতীয় বিভাগে, ১ দশমিক ৫৭ শতাংশ তৃতীয় বিভাগে পাস করেছে।

বিজ্ঞান বিভাগে মোট পরীক্ষায় অংশগ্রহণ করেছে ২৬ হাজার ১ শ' ১০ জন পরীক্ষার্থী। এর মধ্যে ছাত্র ১৯ হাজার ৬ শ' ৫৮ জন। ছাত্রী ৬ হাজার ৪ শ' ৫২ জন। প্রথম বিভাগ পেয়েছে ৮০ দশমিক ৮৫ শতাংশ, দ্বিতীয় বিভাগ পেয়েছে ১৯ দশমিক ০৬ শতাংশ এবং তৃতীয় বিভাগ পেয়েছে দশমিক ০৯ শতাংশ। সমাজ বিজ্ঞান বিভাগে মোট ১ লাখ ১৬ হাজার ২ শ' ৫৭ জন অংশগ্রহণকারীর মধ্যে ছাত্র ৬৭ হাজার ৮ শ' ৭২ জন। ছাত্রী ৪৮ হাজার ৩ শ' ৮৫ জন। সামগ্রিক পাসের হার ৬৬ দশমিক ৪৬। ছাত্রদের ক্ষেত্রে পাসের হার ৬৬ দশমিক ৭৯। ছাত্রীদের ক্ষেত্রে পাসের হার ৬৬ শতাংশ। সমাজ বিজ্ঞান বিভাগে প্রথম বিভাগ পেয়েছে ৩৭ দশমিক ৮৮ শতাংশ। দ্বিতীয় বিভাগ পেয়েছে ৬০ দশমিক ১০ শতাংশ। তৃতীয় বিভাগ পেয়েছে ২ দশমিক ০২ শতাংশ।

## এসএসসি পরীক্ষা ফলাফল (যশোর বোর্ড)

| অংশগ্রহণকারী পরীক্ষার্থী (সর্বমোট) | উত্তীর্ণ | ছাত্র | ছাত্রী | প্রথম বিভাগ | দ্বিতীয় বিভাগ | তৃতীয় বিভাগ | পাসের হার ছাত্র | পাসের হার ছাত্রী | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৪২৩৬৭ | ১০০৭১১ | ৮৭৫৩০ | ৫৪৮৩৭ | ৪৮২২৭ | ৫০৯০০৫ | ১৫৭৯ | ৭২.০৩ | ৬৮.৬৯ | ৭০.৭৪ |
| বিজ্ঞান বিভাগ ২৬১১০ | ২৩৪৪৬ | ১৯৬৫৮ | ৬৪৫২ | ১৮৯৫৭ | ৪৪৬৮ | ২১ | ৯০.১২ | ৮৮.৮৩ | ৮৯.৮০ |
| সমাজ বিজ্ঞান ১১৬২৫৭ | ৭৭২৬৫ | ৬৭৮৭২ | ৪৮৩৮৫ | ২৯২৭০ | ৪৬৪৩৭ | ১৫৫৮ | ৬৬.৭৯ | ৬৬.০০ | ৬৬.৪৬ |